

P.G. Semester-II Examination, 2023**MUSIC****(Rabindra Sangeet)****Course ID : 20552 Course Code : PG/MUS-RS-202C****Course Title : Detailed Knowledge of Gitinatya,
Nrityanatya and Ritunaty of Rabindranath**

Time : 2 Hours

Full Marks : 40

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) নবীন ঋতুনাট্যটির সংক্ষিপ্ত বিবরণসহ নাটকটিতে সংগীত ব্যবহার সম্বন্ধে লেখ।
- খ) গীতিনাট্য কি ? রবীন্দ্রনাথ রচিত তিনটি গীতিনাট্যের রচনাকাল উল্লেখ কর। প্রথম গীতিনাট্যের সাফল্যে উৎসাহিত হয়ে রবীন্দ্রনাথ যে গীতিনাট্যটি লেখেন তার কাহিনীসহ যে কোনো চারটি গানের উল্লেখ কর, যেখানে পাশ্চাত্য গীতরীতি অনুসৃত হয়েছে।
- গ) ‘চণ্ডালিকা’ গদ্যনাটকটি কতসালে রচিত? কবি এর নৃত্যনাট্য রূপ দেন কত সালে? এই নৃত্যনাট্যে কবি গানের ছন্দের যে পরীক্ষা-নিরীক্ষা করেছেন নাটকটির কাহিনী অবলম্বনে আলোচনা কর।

ঘ) ‘শিশুতীর্থ’ কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত এবং এর নাট্যরূপ কবি কখন দেন? এই নাটক রচনার প্রেরণা কবি কোথা থেকে পেয়েছেন? নাটকে ব্যবহৃত গানগুলির উল্লেখ কর।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$

- ক) ‘ফাল্গুনী’ নাটকের উৎস কি? নাটকটির কাহিনীসহ গানের আলোচনা কর।
- খ) ‘চিত্রাঙ্গদা’ নৃত্যনাট্যে কবি সংগীতের যে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করেছেন তার পরিচয় দাও। নাটকটিতে যে বিভিন্ন শৈলীর নৃত্যের ব্যবহার করেছেন তার উল্লেখসহ নৃত্যনাট্যের কাহিনী ও চরিত্রসহ গানের উল্লেখ কর।
- গ) “নাট্যের সূত্রে গানের মালা” বলতে রবীন্দ্রনাথের কোন্ গীতিনাট্যটিকে বোঝায়? গীতিনাট্যের কাহিনীটি কোন্ নাটকের নাট্যরূপ থেকে গৃহীত হয়েছে? গানের উল্লেখসহ গীতি নাটকটির কাহিনী আলোচনা কর।
- ঘ) ‘শেষবর্ষণ’ ও ‘শ্রাবণগাথা’ ঋতুনাট্যদুটির রচনাকাল উল্লেখ করে গানের উদাহরণসহ ব্যাখ্যা কর।
- ঙ) ‘শাপমোচন’ নাটকটির গানগুলি উল্লেখ করে কাহিনীর সঙ্গে তার প্রেক্ষিতের পর্যালোচনা কর।